**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 11-02-2026 Time : 1-40 PM**

**বিশেষ বিশেষ খবর –**

১/ সবধরণের সরকারি অনুষ্ঠানে এবার থেকে জাতীয় সঙ্গীত ‘জন-গণ-মন’ –র সঙ্গেই জাতীয় স্ত্রোত্র ‘বন্দে মাতরম’ ও পরিবেশন করতে হবে বলে স্বরাষ্ট্র মন্ত্রক জানিয়েছে।

২/ ভিন রাজ্যে পরিযায়ী শ্রমিকের অস্বাভাবিক মৃত্যুকে কেন্দ্র করে মুর্শিদাবাদের বেলডাঙ্গায় অশান্তির ঘটনায় NIA তদন্তের ওপর স্থগিতাদেশ দিলনা সুপ্রিম কোর্ট ।

# বিজেপি সুপ্রিম কোর্টের এই রায়কে স্বাগত জানিয়েছে।

৩/ তৃণমূল কংগ্রেস সরকার ‘নিকৃষ্ট প্রশাসনে’র অন্যতম উদাহরণ বলে বর্ষীয়ান বিজেপি নেতা ও রাজ্যের পর্যবেক্ষক ভূপেন্দ্র যাদব মন্তব্য করেছেন।

৪/ রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেছেন, কেন্দ্রীয় বাজেটে পশ্চিমবঙ্গের রেল পরিকাঠামো উন্নয়নে ১৪ হাজার ২০৫ কোটি টাকার রেকর্ড বরাদ্দ করা হয়েছে।

৫/ আগামীকাল শুরু হচ্ছে এ বছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষা।

*******************************************************************

জাতীয় সঙ্গীত ‘জন-গণ-মন’–র সঙ্গেই এবার থেকে সব ধরণের সরকারি অনুষ্ঠানে জাতীয় স্ত্রোত্র ‘বন্দে মাতরম’ ও পরিবেশন করতে হবে বলে স্বরাষ্ট্র মন্ত্রক জানিয়েছে। এব্যাপারে পশ্চিমবঙ্গ সহ সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে আজ সকালে নির্দেশিকা পাঠানো হয়েছে। এতে বলা হয়েছে, ‘বন্দে মাতরম’ পরিবেশনের সময় অনুষ্ঠানে উপস্থিত সকলকে অবশ্যই উঠে দাঁড়াতে হবে। জাতীয় সঙ্গীতের মতো এক্ষত্রেও সময় স্থির করে দেওয়া হয়েছে। ‘বন্দে মাতরম’–এর ৬’টি স্তবক, ১৯০ সেকেন্ড বা ৩’মিনিট ১০ সেকেন্ডের মধ্যে পরিবেশন করতে হবে। কোন্ কোন্ সময়ে ‘বন্দে মাতরম’ পরিবেশন করা বাধ্যতামূলক, তাও কেন্দ্রের নির্দেশিকায় স্পষ্টভাবে জানানো হয়েছে। মন্ত্রক জানিয়েছে, জাতীয় পতাকা উন্মোচন, সরকারি অনুষ্ঠানে রাষ্ট্রপতির আগমন ও প্রস্থান, জাতীর উদ্দেশে রাষ্ট্রপতির ভাষণের আগে ও পরে, সরকারি অনুষ্ঠানে রাজ্যপাল ও উপরাজ্যপালদের আগমণ ও প্রস্থান, কোনো নাগরিক সম্মান বা পুরস্কার দেওয়া এবং কুচকাওয়াজে জাতীয় পতাকা আনার সময় ‘বন্দে মাতরম’ বাধ্যতামূলক করা হয়েছে। অন্যান্য সরকারি অনুষ্ঠান বা স্কুলে প্রার্থনার সময়’ও তা’ পরিবেশন করা যাবে। একইসঙ্গে স্ত্রোত্র পাঠ বা পরিবেশনের সময় সকলকে কণ্ঠ মেলানোর’ও

প্রস্তাব দিয়েছে স্বরাষ্ট্র মন্ত্রক। কখনো যদি সিনেমার অংশ হিসেবে এই গান ব্যবহৃত হয়, সেক্ষেত্রে উঠে দাঁড়ানো বাধ্যতামূলক নয়। তবে প্রতি ক্ষেত্রেই যথাযথ মর্যাদা এবং শৃঙ্খলা বজায় রাখা আবশ্যিক।

উল্লেখ্য, ঋষি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত বন্দে মাতরম-এর সার্ধ শতবর্ষ পূর্তিতে কেন্দ্রীয় সরকার একাধিক উদ্যোগ নিয়েছে। জাতীয় সঙ্গীতের পাশাপাশি আনন্দমঠ উপন্যাসের অংশ এই গানকে সংবিধান আলাদা মর্যাদা এবং স্বীকৃতি দিলেও, এতোদিন বন্দে মাতরম-এর জন্য কোন নির্দিষ্ট বিধি ছিলনা। নতুন নির্দেশিকা কার্যকর হলে জাতীয় স্তোত্র পরিবেশনের ক্ষেত্রে সামঞ্জস্য বজায় থাকবে।

*****************************************************************************

ভিন রাজ্যে পরিযায়ী শ্রমিকের অস্বাভাবিক মৃত্যুকে কেন্দ্র করে মুর্শিদাবাদের বেলডাঙ্গায় অশান্তির ঘটনায় NIA তদন্তের ওপর স্থগিতাদেশ দিতে সুপ্রিম কোর্ট অস্বীকার করেছে। ইতিমধ্যেই ওই ঘটনার তদন্ত করছে এন-আই-এ । তাকে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছিল পশ্চিমবঙ্গ সরকার। প্রধান বিচারপতি সূর্য কান্ত এবং বিচারপতি জয়মাল্য বাগচীর বেঞ্চ জানিয়েছে, NIA তদন্তে তাঁরা হস্তক্ষেপ করছে না। তবে, ‘বেআইনী কার্যকলাপ প্রতিরোধ আইন’ UAPA-এর ১৫ নম্বর ধারা প্রয়োগের ব্যাপারে কলকাতা হাইকোর্টেই মামলা ফেরত পাঠিয়েছে শীর্ষ আদালত। পরবর্তী শুনানিতে NIA-কে মুখবন্ধ খামে দেওয়া রিপোর্টে জানাতে হবে, এই মামলায় আদৌ UAPA ধারায় তদন্তের প্রয়োজন আছে কিনা। তা’ খতিয়ে দেখেই সিদ্ধান্ত নেবে হাইকোর্ট।

উল্লেখ্য, গত বিশে জানুয়ারী কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ, বেলডাঙ্গায় কেন্দ্রীয় বাহিনীকে কাজে লাগানোর পাশাপাশি কেন্দ্র চাইলে NIA-কে তদন্তভার দিতে পারে বলে নির্দেশ দেয়। ২৮ তারিখ স্বরাষ্ট্রমন্ত্রক, NIA-কে FIR দায়ের করে তদন্ত ভার নিতে বলে। একে চ্যালেঞ্জ জানিয়েই শীর্ষ আদালতের দ্বারস্থ হয়েছিল রাজ্য সরকার।

বিজেপি এই রায়কে স্বাগত জানিয়েছে। বিরোধী দলনেতা **শুভেন্দু অধিকারী** এক সাংবাদিক বৈঠকে বলেন, রাজ্য সরকারের কাছে এক বড় ধাক্কা।

*****************************************************************************

তৃণমূল কংগ্রেস পশ্চিমবঙ্গের ভবিষ্যৎ নষ্ট করছে বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে বর্ষীয়ান বিজেপি নেতা ও রাজ্যের পর্যবেক্ষক ভূপেন্দ্র যাদব জানিয়েছেন, তৃণমূল কংগ্রেস সরকার নিকৃষ্ট প্রশাসনের অন্যতম উদাহরণ। কেন্দ্রের একাধিক প্রকল্পের খতিয়ান তুলে ধরে তিনি জানান, একশ দিনের কাজের প্রকল্পে রাজ্যে আর্থিক নয়ছয় করা হয়েছে। পাশাপাশি আবাস যোজনার অর্থ সঠিকভাবে ব্যবহার করা হয়নি। PM পোষণ যোজনাতেও দুর্নীতি হয়েছে বলে অভিযোগ। শ্রী যাদব জানান, কেন্দ্রীয় সরকারের দিশা বৈঠক হলেও এই রাজ্যে একটাও অনুষ্ঠিত হয়নি। এছাড়া চালু করা হয়নি আয়ুষ্মান যোজনা’ও। পিএম কিষাণ যোজনাতেও অনেক দেরিতে কৃষকদের নাম পাঠানোর ফলে রাজ্যের কৃষকরা বঞ্চিত হয়েছেন।

তিনি বলেন, রাজ্যে মূলধনী ব্যয়ের অপব্যবহার হচ্ছে। ফলে, রাজ্য সরকার ক্রমাগত ঋণ করছে তবে আয় বৃদ্ধি হচ্ছে না।

( বাইট- ভূপেন্দ্র ১২-৫০)

মন্ত্রী বলেন, পশ্চিমবঙ্গে বিজ্ঞান শিক্ষার তুলনায় মাদ্রাসায় বেশি অনুদান বরাদ্দ করা হয়েছে। ৫হাজার ৭১৩ কোটি টাকার বেশী মাদ্রাসায় বরাদ্দ করা হলেও উত্তরবঙ্গে তিন কোটি মানুষের জন্য মাত্র ৯১০কোটি টাকা বাজেটে বরাদ্দ করা হয়েছে।

তাই তৃণমূল কংগ্রেস সরকারের এই বাজেট শেষ বাজেট এবং তাদের বিদায়পত্র বলে শ্রী যাদব দাবি করেন।

**********************************************************************

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি পর্ব পর্যালোচনা করতে দুই সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতী ও মণীশ গর্গের নেতৃত্বে এক প্রতিনিধি দল আগামী মাসের প্রথম সপ্তাহে এরাজ্যে আসছেন। আগামী পয়লা ও দোসরা মার্চ ওই প্রতিনিধি দল এরাজ্যের সমস্ত জেলা নির্বাচনী আধিকারিক, পুলিশ কমিশনার এবং পুলিশ সুপারদের সঙ্গে বৈঠক করবেন। এর পাশাপাশি ওই প্রতিনিধি দলটি নির্বাচনের কাজে যুক্ত বিভিন্ন এজেন্সিগুলির সঙ্গেও বৈঠক করবেন বলে সূত্রের খবর।

**********************************************************************

আজকের প্রসঙ্গের এবারের বিষয় "বিকশিত ভারতের লক্ষ্যে সেচ ও শক্তি ক্ষেত্রে সমতা রেখে DVC-র পথচলা'। সংস্থার চেয়ারম্যান এস সুরেশ কুমারের সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার। আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ ( ১১/০২/২৬) রাত সাড়ে ন'টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

**********************************************************************

কেন্দ্রীয় বাজেটে পশ্চিমবঙ্গের রেল পরিকাঠামো উন্নয়নে ১৪ হাজার ২০৫ কোটি টাকার রেকর্ড বরাদ্দ করা হয়েছে বলে জানিয়েছেন রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব। লোকসভায় প্রশ্নোত্তর পর্বে তিনি বলেন, ২০০৯ থেকে ২০১৪ সাল পর্যন্ত ইউপিএ সরকারের আমলে এই বরাদ্দের পরিমাণ ছিল মাত্র ৪ হাজার ৩০০ কোটি টাকা। মন্ত্রী বলেন, বর্তমানে পশ্চিমবঙ্গে রেলের বিভিন্ন প্রকল্পের জন্য মোট ৪ হাজার ৬৬২ হেক্টর জমির প্রয়োজন, যার মধ্যে মাত্র ২৭ শতাংশ জমি এযাবৎ অধিগ্রহণ করা সম্ভব হয়েছে। রাজ্যের একাধিক রেল প্রকল্পে এখনও জমি অধিগ্রহণের কাজ শুরুই করা যায়নি বলে তিনি জানান।

**********************************************************************

বাঁকুড়া শহরের জুনবেদিয়া গ্রামীণ মোড়ে বিজেপির 'চাকরি চায় বাংলা' কর্মসূচিতে যোগ দিয়ে বিজেপি, শাসকদল তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে একাধিক অভিযোগ তুলেছে। বিজেপি সাংসদ সৌমিত্র খাঁ এই কর্মসূচিতে যোগ দিয়ে রাজ্য সরকারের কর্মসংস্থান নীতি নিয়ে কড়া সমালোচনা করেন এবং নিয়োগের দাবিতে আন্দোলন জোরদার করার বার্তা দেন। পাশাপাশি বাঁকুড়া জেলা পরিষদের সভাধিপতির বিরুদ্ধে কাটমানি না নিলে

সরকারি টেন্ডার পাশ না করার অভিযোগ তোলেন তিনি। জেলার বিভিন্ন এলাকায় বালি চুরির প্রসঙ্গে তিনি অভিযোগ করেন, বাঁকুড়া পুলিশ সুপারের মদতে জেলায় বালি চুরি চলছে।

*******************************************************************

বিকশিত পশ্চিমবঙ্গ বিজেপির গ্যারান্টি কর্মসূচি শুরু হলো কোচবিহারে। আজ কোচবিহারে নাটাবাড়ি বিধানসভা কেন্দ্রের গুরিয়াহাটি ২ অঞ্চলে এই কর্মসূচির সূচনা করেন স্থানীয় বিজেপি বিধায়ক মিহির গোস্বামী। সাধারণ মানুষ একটি বাক্সে তাদের মতামত জানাবেন সেই মতামত সংগ্রহ করে বিজেপির নির্বাচনী সংকল্প পত্র করা হবে বলে মিহির গোস্বামী জানিয়েছেন।

*******************************************************************

উচ্চ মাধ্যমিকের চতুর্থ তথা চূড়ান্ত সেমিস্টার শুরু হচ্ছে আগামীকাল। চতুর্থ সেমিস্টার ছাড়াও তৃতীয় সেমিস্টারের সাপ্লিমেন্টারি এবং পুরনো পদ্ধতিতে উচ্চমাধ্যমিক শুরু হবে ওই দিন থেকেই। মোট পরীক্ষার্থীর সংখ্যা সাত লক্ষের বেশি। ছাত্রদের তুলনায় ছাত্রীদের সংখ্যা এবার বেশি। চতুর্থ সেমিস্টারের পরীক্ষা শুরু হবে সকাল ১০ টায়। চলবে বেলা বারোটা পর্যন্ত। বৃত্তিমূলক বিষয়ের পরীক্ষা চলবে সকাল ১০ টা থেকে ১১টা ১৫ পর্যন্ত। তৃতীয় সেমিস্টারের সাপ্লিমেন্টারি পরীক্ষা চলবে দুপুরে একটা থেকে দুটো ১৫ পর্যন্ত এবং পুরনো পদ্ধতির উচ্চ মাধ্যমিক চলবে সকাল দশটা থেকে একটা পনেরো পর্যন্ত।

বিদ্যাসাগর ভবনে এক সাংবাদিক বৈঠকে উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি চিরঞ্জীব ভট্টাচার্য জানান, এবার ১০৪ টি পরীক্ষা কেন্দ্রকে স্পর্শকাতর হিসেবে চিহ্নিত করা হয়েছে। তিনি বলেন, পরীক্ষার্থীদের সকাল ন'টার মধ্যে পরীক্ষা কেন্দ্রে ঢুকতে হবে। পরীক্ষা কেন্দ্রে ঢোকার সময় মেটাল ডিটেক্টর দিয়ে তল্লাশি চালানো হবে। মোবাইল ফোন, স্মার্ট ওয়াচ সহ কোনরকম বৈদ্যুতিন সামগ্রিক নিয়ে পরীক্ষার্থীদের ঢুকতে দেওয়া হবে না । পরীক্ষা চলাকালীন এই ধরনের জিনিস নিয়ে কোনো পরীক্ষার্থী ধরা পড়লে তার সব পরীক্ষা বাতিল করা হবে বলে স্পষ্ট জানান তিনি।

*******************************************************************

আসন্ন উচ্চমাধ্যমিক পরীক্ষার দিনগুলিতে পরীক্ষার্থীদের সুবিধায় যানজট এড়াতে কলকাতা পুলিশ তাদের নির্ধারিত এলাকায় যান চলাচল নিয়ন্ত্রন করবে। এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, আগামীকাল থেকে ২৭ তারিখ পর্যন্ত পরীক্ষার দিনগুলিতে জরুরী পন্য ছাড়া সকাল ৬ টা থেকে দুপুর ১২টা পর্যন্ত পন্যবাহী যান চলাচল নিয়ন্ত্রন করা হবে। তবে বন্দরমুখী পন্যবাহী যান চলাচলের অনুমতি দেওয়া হবে সকাল ৮ টা পর্যন্ত ।

*******************************************************************

বাংলাদেশে আগামীকাল সংসদীয় নির্বাচনের ভোটগ্রহণ হবে। এই আবহে এ-রাজ্যেও অবৈধ অনুপ্রবেশ রুখতে সীমান্তবর্তী এলাকাগুলিতে কড়া নজরদারি চালানো হচ্ছে। বসিরহাট পুলিশ জেলার উদ্যোগে সীমান্তে নাকা চেকিং শুরু হয়েছে। বসিরহাটের বাদুড়িয়া থানার কাটিয়াহাট আউটপোস্টের তত্ত্বাবধানে ঘোজাডাঙ্গা-

কাটিয়াহাট সীমান্ত রোডের লবঙ্গ মোড়ে আজ কড়া তল্লাশি অভিযান চলে। প্রতিটি গাড়ি থামিয়ে চালক ও যাত্রীদের বৈধ নথিপত্র খতিয়ে দেখা হয়। গাড়িগুলিতেও পুঙ্খানুপুঙ্খভাবে অনুসন্ধান চালানো হয়। আগামী কয়েক দিন এই ধরনের তল্লাশি ও নজরদারি আরও বাড়ানো হবে বলেও পুলিশ সূত্রে জানা গিয়েছে।

**********************************************************************

রাজ্যের প্রায় সর্বত্রই সকালের দিকে শীতের আমেজ থাকলেও বেলা বাড়ার সঙ্গে সঙ্গে গরম অনুভূত হচ্ছে। আগামী তিন দিনে তাপমাত্রা ধীরে ধীরে বাড়বে এবং তারপর তাপমাত্রার সেরকম কোনো পরিবর্তন হবে না বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৫ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে দুই দশমিক এক ডিগ্রি কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে প্রায় এক ডিগ্রি কম। উত্তরবঙ্গের জেলাগুলিতে বিক্ষিপ্তভাবে সকালের দিকে হালকা কুয়াশার থাকার সম্ভাবনা রয়েছে।

**********************************************************************